

🗏 ফাতির | Fatir | فَاطِر

আয়াতঃ ৩৫:১৫

💵 আরবি মূল আয়াত:

ياًيُّهَا النَّاسُ اَنتُمُ الفُقَرَآءُ إِلَى اللهِ وَ اللهُ هُوَ الغَنِيُّ الحَمِيدُ ﴿١٥﴾

🗚 অনুবাদসমূহ:

হে মানুষ, তোমরা আল্লাহর প্রতি মুখাপেক্ষী আর আল্লাহ অমুখাপেক্ষী ও প্রশংসিত। — আল-বারান হে মানুষ! তোমরাই আল্লাহর মুখাপেক্ষী, আর আল্লাহ তিনি তো অভাবহীন, প্রশংসিত। — তাইসিরুল হে লোক সকল! তোমরাতো আল্লাহর মুখাপেক্ষী, কিন্তু আল্লাহ অভাবমুক্ত, প্রশংসা। — মুজিবুর রহমান O mankind, you are those in need of Allah, while Allah is the Free of need, the Praiseworthy. — Sahih International

১৫. হে মানুষ! তোমরা আল্লাহর মুখাপেক্ষী; আর আল্লাহ, তিনিই অভাবমুক্ত, প্রশংসিত।

তাফসীরে জাকারিয়া

(১৫) হে মানুষ! তোমরা তো আল্লাহর মুখাপেক্ষী,[1] কিন্তু আল্লাহ; তিনিই অভাবমুক্ত,[2] প্রশংসার্হ। [3]

- [1] ناس (মানুষ) শব্দটি সাধারণ অর্থে ব্যবহার হয়েছে, যাতে সাধারণ ও বিশেষ ব্যক্তি; এমনকি আম্বিয়া ও স্বালেহীন সকলকে বোঝানো হয়েছে। সকলেই আল্লাহর মুখাপেক্ষী; কিন্তু আল্লাহ কারো মুখাপেক্ষী নন।
- [2] তিনি এমন অমুখাপেক্ষী ও অভাবমুক্ত যে, যদি সকল মানুষ তাঁর অবাধ্য হয়ে যায়, তাহলে তাঁর রাজত্বে বিন্দুমাত্র হ্রাস পাবে না। আর যদি সকলে তাঁর অনুগত হয়ে যায়, তাহলে তাঁর শক্তিতে কোন বৃদ্ধি হবে না। বরং অবাধ্যতা করাতে মানুষের নিজেরই ক্ষতি এবং ইবাদত ও আনুগত্য করাতে মানুষের নিজেরই উপকার সাধন হয়।
- [3] অর্থাৎ, তিনি আপন নিয়ামতের কারণে প্রশংসার্হ। সুতরাং তিনি বান্দাগণকে যে সকল নিয়ামত প্রদান করেছেন তার ফলে তিনি প্রশংসা ও কৃতজ্ঞতার অধিকারী।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3675

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন